

পাইথন প্রোগ্রামিং

পর্ব
১৬

মোহাম্মদ মিজানুর রহমান নয়ন


সাবেক বিভাগীয় প্রধান, বিসিআই ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট; সাবেক লেকচারার, ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ ও পিপলস ইউনিভার্সিটি অব বাংলাদেশ

ফাইলে ডাটা সংযুক্ত করার পদ্ধতি

বিদ্যমান ফাইলে কোনো নতুন ডাটা সংযুক্ত করতে হলে ফাইলটি এপেন্ড (a) মুডে ওপেন করতে হবে। এপেন্ড প্লাস(a+) মুডে ফাইল থেকে তথ্য রিড করা যায় এবং ডাটা সংযুক্ত করা যায়। ফাইলে ডাটা সংযুক্ত করার জন্য write() ফাংশন ব্যবহার করতে হবে। যেমন :

```
try:
    file1=open("c:/new_file.txt","a")
    new_text="This is second line"
    file1.write(new_text)
    file1.close()
except FileNotFoundError:
    print("File is not available")
```


এবার new_file.txt ফাইলটি ওপেন করলে আমরা দেখতে পাব নতুন লাইনটি সংযুক্ত হয়েছে।



কিছু নতুন লাইনটি প্রথম লাইনের শেষে সংযুক্ত হয়েছে। নতুন লাইনটি পরবর্তী লাইনে সংযুক্ত হওয়ার জন্য নিউলাইন ক্যারেক্টার(\n) ব্যবহার করতে হবে। এজন্য পূর্বের কোডটি মডিফাই করতে হবে,

```
try:
    file1=open("c:/new_file.txt","a")
    new_text="\nThis is second line"
    file1.write(new_text)
    file1.close()
except FileNotFoundError:
    print("File is not available")
```

এবার new_file.txt ফাইলটি ওপেন করলে আমরা দেখতে পাব নতুন লাইনটি পরবর্তী লাইনে সংযুক্ত হয়েছে।




with স্টেটমেন্ট ব্যবহার করে ফাইল অ্যাকসেস করা

পাইথনে ফাইল ওপেন করে তাতে ডাটা রিড/রাইট করার পর সেই ফাইলকে বন্ধ করার জন্য close() স্টেটমেন্ট ব্যবহার করতে হয়। ফাইল অপারেশন শেষ হওয়ার পর ফাইল ক্লোজ না করা হলে পাইথন ফাইল হ্যান্ডেলার ফাইলটিকে ওপেন রাখে। পাইথনে গারবেজ কালেক্টর অটোমেটিক্যালি নির্দিষ্ট সময় পর অব্যবহৃত ফাইলটিকে ক্লোজ করে দেবে। তবে গারবেজ কালেক্টরের ওপর নির্ভর না করে ফাইল ব্যবহারের পর তা ক্লোজ করে দেয়াই উত্তম। with স্টেটমেন্ট ব্যবহার

করে ফাইল ওপেন করা হলে স্টেটমেন্টটি এক্সিকিউট হওয়ার পর ফাইলটি অটোমেটিক্যালি ক্লোজ হয়ে যাবে। এক্ষেত্রে close() স্টেটমেন্ট ব্যবহার করতে হবে না। with স্টেটমেন্ট ব্যবহার করে ফাইল থেকে ডাটা রিড করার প্রোগ্রাম দেয়া হলো,

```
with open("c:/new_file1.txt","r") as fl:
    line1=fl.readline()
    print(line1)
```

ওপরের প্রোগ্রামে new_file1.txt ফাইল থেকে একটি লাইন প্রদর্শিত হচ্ছে। উক্ত ফাইল থেকে একটি লাইন পড়ার জন্য readline() মেথড ব্যবহার করা হয়েছে। readlines() মেথড ব্যবহার করে একাধিক লাইন একই সাথে রিড করা যায়। new_file1.txt ফাইলে আরও একটি নতুন লাইন যুক্ত করি, অতঃপর উক্ত ফাইলের সব ডাটাকে একত্রে রিড করি,



new_file1.txt ফাইলের সব ডাটাকে রিড করার জন্য readlines() মেথড ব্যবহার করতে হবে। যেমন :

```
with open("c:/new_file1.txt","r") as fl:
    line1=fl.readlines()
    print(line1)
```

```
>>> with open("c:/new_file1.txt","r") as fl:
    line1=fl.readlines()
    print(line1)
['Hello how are you\n', 'This is second line']
```


উপরোক্ত প্রোগ্রামটি এক্সিকিউট হওয়ার পর দেখা যাচ্ছে ফাইলের সব ডাটা সমূহ প্রদর্শন করছে।

ডাটা সংযুক্ত করা

with স্টেটমেন্ট ব্যবহার করে ফাইলে নতুন ডাটা সংযুক্ত করার জন্য ফাইলটি এপেন্ড মুডে ওপেন করতে হবে। ফাইলে নতুন একটি লাইন সংযুক্ত করার প্রোগ্রাম নিচে দেয়া হলো,

```
with open("c:/new_file1.txt","a") as fl:
    new_line_third="\nThis is third line"
    fl.write(new_line_third)
```

উপরোক্ত প্রোগ্রামটি এক্সিকিউট হলে দেখা যাবে new_file1.txt ফাইলে নতুন ডাটা সংযুক্ত হয়েছে।



ক্লোজ

ফিডব্যাক : mrm_bd@yahoo.com